



## রামিসা হত্যাকাণ্ডে আবেগঘন পোস্ট জামায়াত আমিরের



ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুরে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী রামিসা আক্তার হত্যাকাণ্ডে আবেগঘন প্রতিক্রিয়া জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বুধবার (২০ মে) সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ মন্তব্য করেন।

পোস্টে তিনি লেখেন, “প্রিয় সোনামণি রামিসা, তোমার কাছে মানবতা লজ্জিত। তুমি ছিলে একেবারেই নিষ্পাপ। ঠিকমতো ফুটে ওঠার আগেই বারে যেতে হলো তোমাকে। মা-বাবা ও বোনের ভালোবাসা আর স্বপ্নজুড়ে ছিলে তুমি।”

তিনি আরও বলেন, “তুমি চলে গেছ, কিন্তু হায়েনার লালসার কাছে হার মানোনি। এই নির্মম ঘটনার সঙ্গে জড়িতরা চিরদিন ঘৃণিত হয়ে থাকবে। আমরা দ্রুত বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি দেখতে চাই।”

সবশেষে রামিসার আত্মার মাগফিরাত কামনা করে তার পরিবারকে ধৈর্য ধারণের শক্তি দেওয়ার জন্য আল্লাহর কাছে দোয়া করেন জামায়াত আমির।

মঙ্গলবার সকালে পল্লবীর একটি বাসা থেকে রামিসার খণ্ডিত মরদেহ উদ্ধার করে পুলিশ। খাটের নিচে দেহ এবং বাথরুম থেকে মাথা উদ্ধার করা হয়। নিহত রামিসা স্থানীয় একটি স্কুলের দ্বিতীয় শ্রেণির ছাত্রী ছিল।

পুলিশের ধারণা, শিশুটি বিকৃত যৌন নির্যাতনের শিকার হয়েছিল। পরে ঘটনা প্রকাশ পাওয়ার আশঙ্কায় তাকে হত্যা করা হয়। এ ঘটনায় জাকির হোসেন ওরফে সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্নাকে গ্রেপ্তার করা হয়েছে।